"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা"।

অতিব জরুরি
হজ সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.২৭.০০১.১৮.৫৪৮

তারিখ: ১৭.০৫.২০১৮ খ্রি.

বিষয়: রিভিউ অন্তে হজ এজেন্সিকে শাস্তি/জরিমানা প্রদান।

১৪৩৯ হিজরি/২০১৮ খ্রি. সনের হজ কার্যক্রম অংশগ্রহণকারী অভিযুক্ত হজ এজেন্সিসমূহকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক যথাযথ পদ্ধতি অনুসরণ করত: ভিন্ন ভিন্ন স্মারকে শাস্তি প্রদান করা হয়। উক্ত শাস্তির বিষয়ে সংক্ষুব্ধ এজেন্সিসমূহের রিভিউ আবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট এজেন্সিসমূহের শুনানী গ্রহণপূর্বক রিভিউ কমিটি কর্তৃক প্রদত্ত মতামত/সুপারিশের আলোকে এবং জাতীয় হজ ও ওমরাহ নীতি অনুযায়ী সরকার কর্তৃক নিম্নবর্ণিত ০৭ (সাত) টি হজ এজেন্সির নামের পার্শ্বে বর্ণিত চূড়ান্ত শাস্তি নির্দেশক্রমে প্রদান করা হলো:

| ক্র. নং | এজেন্সীর নাম ও ঠিকানা এবং লাইসেন্স নং | রিভিউ কমিটির পর্যালোচনা | চূড়ান্ত শাস্তি |
|---|---|---|---|
| ১. | Bright Travels, Mega Chayaneer (1st floor-a-1) house # 45, Road # 27, Block # a Banani Dhaka-1213**HL No: 042** | এজেন্সিকে নোটিশ প্রদান করা সত্ত্বেও এজেন্সির মালিক/প্রতিনিধি রিভিউ কমিটির শুনানীতে উপস্থিত হননি। | রিভিউ শুনানীতে অনুপস্থিত থাকায় ইতোপূর্বে ০৩ (তিন)টি কমিটির সুপারিশের প্রেক্ষিতে পৃথকভাবে প্রদত্ত সকল শাস্তি বহাল রাখা হলো। |
| ২. | Shanjid Travels International, 6/Kha, 1/25, Chan Mansion, Senpara, Mirpur-10, No. (Golchakkor), Dhaka-1216.**HL No: 129** | এজেন্সিকে নোটিশ প্রদান করা সত্ত্বেও এজেন্সির মালিক/প্রতিনিধি রিভিউ কমিটির শুনানীতে উপস্থিত হননি। | রিভিউ শুনানীতে অনুপস্থিত থাকার প্রেক্ষিতে হজ লাইসেন্স বাতিল এবং ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা দন্ডের আদেশ বহাল রাখা হলো।<br>এছাড়াও মোয়াল্লেম ফি সংক্রান্ত পূর্বে প্রদত্ত নিম্নরুপ শাস্তি বহাল রাখা হলো:<br>(ক) সানজিদ ট্রাভেলস ইন্টারন্যাশনাল ( হজ লাইসেন্স নং-১২৯) কে মোয়াল্লেম ফি বাবদ ৭৮৫০০ রিয়াল সমপরিমাণ অর্থ জামাদনের জন্য নির্দেশ প্রদান করা হলো।<br>(খ) এ ধরনের কার্যক্রমের জন্য সানজিদ ট্রাভেলস ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-১২৯) স্থায়ী ভাবে বাতিল করা এবং ২০ (বিশ) লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ৩. | Al-Ziarath International, 144, DIT Ext. Road, Haji Building (1st Floor), Fakirapool, Dhaka-1000. **HL No: 246** | রিভিউ কমিটির শুনানীতে এজেন্সির মালিক/স্বত্তাধিকারী উপস্থিত হননি। তবে এজেন্সির প্রতিনিধি জনাব ইমান আলী, ক্যাশিয়ার উপস্থিত ছিলেন। তিনি অভিযোগের বিষয়বস্তু স্বীকার করেন এবং অভিযোগ হতে অব্যহতি প্রদানের জন্য অনুরোধ জানান। | আল জিয়ারাহ ইন্টারন্যাশনাল ( হ: লা: নং-২৪৬) এর বিরুদ্ধে ইতোপূর্বে প্রদত্ত শাস্তি বহাল রাখা হলো। |
| ৪. | Jiarat-E-Kaba Tours & Travels Ltd. House-9 (Ground Floor), Block-E, Main Road, South Banasree, Goran, Khilgoan, Dhaka-1219. **HL No: 858** | জিয়ারত ই কাবা ট্যুরস এন্ড ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৮৫৮) এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মো: আমিনুল হক উপস্থিত ছিলেন। তিনি বক্তব্যে এজেন্সির বিরুদ্ধে প্রদত্ত শাস্তি খন্ডানোর মতো কোন যুক্তি/প্রমানাদি দাখিল করতে ব্যর্থ হয়েছেন। | জিয়ারাত ই কাবা ট্যুরস এন্ড ট্রাভেলস লি:(হ: লা: নং-৮৫৮) এর বিরুদ্ধে ইতোপূর্বে প্রদত্ত নিম্নরুপ শাস্তি বহাল রাখা হলো।<br>(১) ১.০০/- (এক লক্ষ) টাকা জরিমানা করা হলো।;<br>(২) ভবিষ্যতের জন্য সতর্ক করা এবং এজেন্সিকে ২.০০/- (দুই) লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ৫. | Khan Jahan Ali Hajj Tours & Travels, G-Nat Tower(4th Floor), 116-117, D.I.T Extension Road, Fakirapool, Dhaka-1000 **HL No: 885** | খান জাহান আলী হজ ট্যুরস এন্ড ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৮৮৫) এর মালিক/সত্বাধিকারী রিভিউ কমিটির শুনানীতে অনুপস্থিত ছিলেন। ম্যানেজার জনাব মো: ওয়ালিউল্লাহ উপস্থিত ছিলেন। তিনি সৌদি আরবে মোয়াল্লেম ফি হঠাৎ করে বেড়ে যাওয়ার কারণে তাৎক্ষণিক ভাবে পরিশোধ করতে পারেনি তবে পরবর্তীতে পরিশোধ করেছে মর্মে জানান। তাই যেহেতু মোয়াল্লেম ফি পরিশোধ করা হয়েছে। তাই বর্ণিত এজেন্সিকে দাখিলকৃত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ জানান। | সার্বিক পর্যালোচনান্তে অপরাধের গুরুত্ব বিবেচনা করে খান জাহান আলী হজ ট্যুরস এন্ড ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৮৮৫) এর লাইসেন্সটি ০১ বছরের জন্য স্থগিত এবং ৩ লক্ষ টাকা জরিমানা করা হলো। |

| ক্র. নং | এজেন্সীর নাম ও ঠিকানা এবং লাইসেন্স নং | রিভিউ কমিটির পর্যালোচনা | চূড়ান্ত শাস্তি |
|---|---|---|---|
| ৬. | Mabrur Air International. 145, D.I.T Extension Road (2nd Floor), Fakirapool, Dhaka-1000 **HL No: 973** | মাবরুর এয়ার ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-৯৭৩) এর রিভিউ আবেদনকারী রিভিউ কমিটির শুনানীতে অনুপস্থিত ছিলেন। তবে অংশীদার জনাব মিজানুর রহমান উপস্থিত ছিলেন। তিনি সৌদি আরবে মোয়াল্লেম ফি হঠাৎ করে বেড়ে যাওয়ার কারণে তাৎক্ষনিক ভাবে পরিশোধ করতে পারেনি তবে গত ০১.০৪.২০১৮ তারিখে অবশিষ্ট অর্থ সোনালী ব্যাংকে পরিশোধ করেছে বিধায় বর্ণিত এজেন্সিকে দাখিলকৃত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ জানান। | মাবরুর এয়ার ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-৯৭৩) কে ইতিপূর্বে প্রদত্ত নিম্নরূপ শাস্তি বহাল রাখা যেতে পারে: ০১ (এক) বছরের জন্য হজ লাইসেন্স স্থগিত এবং ০৩ (তিন) লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ৭. | Siam Overseas. Tropicana Tower, 3rd Floor, 45 Topkhana Road, Purana Paltan More, Dhaka, **HL No: 1195** | সিয়াম ওভারসীজ (হ: লা: ১১৯৫) এর মালিক অনুপস্থিত ছিলেন। তবে তার স্বামী জনাব মুজাহিদুল ইসলাম শুনানীতে উপস্থিত ছিলেন। তিনি তার এজেন্সির পক্ষে বক্তব্য উপস্থাপন করেন। তার বক্তব্য শুনা হলো। | সার্বিক পর্যালোচনান্তে অপরাধের গুরুত্ব বিবেচনা করে সিয়াম ওভারসীজ (হ: লা: ১১৯৫) এর নিম্নরূপ শাস্তি প্রদান করা যেতে পারে: হজ লাইসেন্স ০১ (এক) বছরের (২০১৮ খ্রি. সনের) জন্য স্থগিত এবং ০৫ (পাঁচ) লাখ টাকা জরিমানা করা হলো। |

০২। জরিমানা/বাজেয়াপ্তকৃত অর্থ আগামী ০৭.০৬.২০১৮ খ্রি. তারিখের মধ্যে '১-৩৫০১-০০০১-১৯০১' নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাদানপূর্বক চালানের মূল কপিসহ এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১৭/৫/১৮

আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৪৩২২
e-mail:morahajsection@gmail.com

প্রাপক
জনাব............................................
সত্ত্বাধিকারী/ব্যবস্থাপক/ব্যবস্থাপনা অংশীদার
.........................................................................।

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.২৭.০০১.১৮.৫৪৮

তারিখ: ১৭.০৫.২০১৮ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. ভারপ্রাপ্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩. মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪. যুগ্মসচিব (হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৬. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগিতর জন্য)।
৮. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (পত্রটি হজের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. অফিস কপি।

১৭/৫/১৮

আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ
সিনিয়র সহকারী সচিব